# ডিবেট ফর হিউম্যানিটি- ডিএফএইচ

## গঠনতন্ত্র

বাংলাদেশের বিতর্ক চর্চার উজ্জ্বল ইতিহাসের পথ ধরে বিংশ শতাব্দীতে বিতর্ক এক অভিজাত শিল্পে পরিণত হয়েছে। যুক্তিবাণের শক্তিতে তারুণ্যের জয়গান আজ চারিদিকে। মানবিক মূল্যবোধের ভিত্তিতে ভবিষ্যৎ সফলতার মূল মন্ত্র দীপ্ত কণ্ঠে প্রতিধ্বনিত হচ্ছে তার্কিকদের সহজ-সরল অথচ তেজস্বী যুক্তিবাণে। আর এ বিতর্ক চর্চাকে সমাজের প্রতিটি ক্ষেত্রে ছড়িয়ে দেয়ার মাধ্যমে সমাজে মানবতাবোধ জাগ্রত করতে দৃঢ় অঙ্গীকারাবদ্ধ ডিবেট ফর হিউম্যানিটি-ডিএফএইচ। ২৬ জুন ২০১০ বাংলাদেশের এক ঝাঁক পরিবর্তনের শপথে প্রতিশ্রুতিশীল বিতার্কিকদের নিয়ে যাত্রা শুরু হওয়া ডিবেট ফর হিউম্যানিটি-ডিএফএইচ যুক্তির মাধ্যমে মানব সেবাকে ব্রত করে সমাজের প্রতিটি স্তরে যুক্তির আলোয় মুক্তির মন্ত্র উদ্ভাসিত করতে বদ্ধপরিকর। ডিএফএইচ জাতীয় বিতর্ক কার্যক্রমের আওতায় নিয়মিত সারাদেশে স্কুল, কলেজ, মাদরাসা ও বিশ্ববিদ্যালয়সমূহের অংশগ্রহনে বিষয়ভিত্তিক বিতর্ক প্রতিযোগিতাসমূহের আয়োজন করে থাকে। এছাড়াও ডিবেট ফর হিউম্যানিটি-ডিএফএইচ দেশের বিভিন্ন স্কুল, কলেজ, মাদরাসা, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বিতর্কের মাধ্যমে চিন্তা ও চেতনার বিকাশের লক্ষ্যে বিতর্ক প্রশিক্ষণ, বিতর্ক উৎসবসহ বিতর্ক সংশ্লিষ্ট সামাজিক নানাবিধ কার্যক্রম পরিচালনা করে থাকে।

ধারা-১: নাম

ডিবেট ফর হিউম্যানিটি। এর সংক্ষিপ্ত রূপ ডিএফএইচ।

ধারা-২: প্রতীক

নিম্নে ডিএফএইচ-এর প্রতীক মুদ্রণ করা হলো।

DFH
DEBATE FOR HUMANITY

ধারা-৩: লক্ষ্য ও উদ্দেশ্য

ক. বিতর্ক শিল্পের গঠনমূলক চর্চার মাধ্যমে মানবতাকে উচ্চকিত করা;

খ. বিতর্ক শিল্পের সুষ্ঠু লালনের লক্ষ্যে তার্কিক সমাজকে সংগঠিত করা;

গ. মানুষের আত্মমর্যাদাবোধ বৃদ্ধি এবং বুদ্ধিবৃত্তিক বিকাশের স্বার্থে বিতর্ক শিল্পকে দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দেয়া ও

ঘ. স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় প্রভৃতি পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতাসহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিতর্ক বিষয়ক বিভিন্ন কার্যক্রম আয়োজন।

ধারা-৪: কার্যক্রম

ক. বিতর্ক বিষয়ক অনুষ্ঠান আয়োজন করা;

খ. স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় প্রভৃতি পর্যায়ে বিভিন্ন মডেলের বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা;

গ. স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় প্রভৃতি পর্যায়ে বিতর্ক কর্মশালা আয়োজন করা;

ঘ. বিতর্ক উৎসব এবং বিতর্ক সম্মেলনের আয়োজন করা;

ঙ. বিতর্ক সাময়িকী হিসেবে ডিএফএইচ-এর মুখপত্র দ্রোহ নিয়মিত প্রকাশ করা।

ধারা-৫: সাধারণ সদস্য:

ক. অন্তর্ভুক্তি: বিতার্কিক বা বিতর্ক শিখতে আগ্রহী বা বিতর্কের প্রসারে কাজ করতে আগ্রহী এরূপ কোন ব্যক্তি এই গঠনতন্ত্রে লিখিত ডিএফএইচ এর লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে একমত পোষণ করে নির্ধারিত ফর্মে সংগঠনটির ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির সভাপতি বরাবর আবেদন করলে উক্ত ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত ব্যক্তি ডিএফএইচ এর সাধারণ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের অধিবাসী/স্থায়ী ঠিকানাধারী হতে হবে।

খ. কার্যপরিধি: ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক একজন সাধারণ সদস্যকে যেরূপ দায়িত্ব/কাজ দেয়া হবে উক্ত সাধারণ সদস্য সেরূপ কাজ/দায়িত্ব পালন করবেন। একজন সাধারণ সদস্য তার কাজের জন্য ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির নিকট জবাবদিহি করবেন।

গ. সদস্যপদ হারানো: নিম্নবর্ণিত কারণে ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির সভায় উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশ সদস্যের সিদ্ধান্তক্রমে কোন সাধারণ সদস্য তাঁর সদস্যপদ হারাবেন:

i. রাষ্ট্র বিরোধী কোন কাজ করলে;
ii. ডিএফএইচ এর স্বার্থ বিরোধী কোন কাজ করলে;
iii. গঠনতন্ত্র লঙ্ঘন করলে;
iv. আচরণগত, দায়িত্বে অবহেলা বা অন্য কোন কারণে ইউনিয়ন/ওয়ার্ড কার্যকর কমিটির কোন সদস্য অনাস্থা প্রস্তাব উত্থাপন করলে
v. পর পর তিন মাস যুক্তিসংগত কারণ ব্যতিরেকে নির্ধারিত চাঁদা প্রদানে অসমর্থ হলে এবং
vi. পদত্যাগ করলে।

## অ. উপদেষ্টা পর্ষদ

### ধারা-৬: জাতীয় নির্বাহী কমিটির উপদেষ্টা পর্ষদ

ক. গঠন: বিতর্ক অঙ্গনে গ্রহণযোগ্য অথবা জাতীয় পর্যায়ে অবদান রয়েছে এরূপ ব্যক্তিবর্গের সমন্বয়ে ডিএফএইচ এর জাতীয় নির্বাহী কমিটির একটি উপদেষ্টা পর্ষদ থাকবে। এরূপ ব্যক্তি বরাবর ডিএফএইচ এর জাতীয় নির্বাহী কমিটির চেয়ারম্যান সংগঠনটির উপদেষ্টা পদ অলঙ্করণের জন্য আবেদন করলে তিনি যদি উপদেষ্টা পদ গ্রহণে সদয় সম্মতি প্রদান করেন তবে তিনি ডিএফএইচ এর জাতীয় নির্বাহী কমিটির উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত হবেন। উল্লেখ্য চেয়ারম্যান জাতীয় নির্বাহী কমিটির অনুমোদনক্রমে এরূপ আবেদন করবেন। জাতীয় নির্বাহী কমিটির উপদেষ্টাগণ সাধারণভাবে ডিএফএইচ-এর উপদেষ্টা হিসেবে পরিচিত হবেন।

খ. কার্যপরিধি:

i. উপদেষ্টাগণ স্বতন্ত্রভাবে ডিএফএইচ-এর যে কোন কার্যক্রম ও পরিকল্পনার বিষয়ে জাতীয় নির্বাহী কমিটিকে উপদেশ ও পরামর্শ প্রদান করবেন এবং
ii. ডিএফএইচ-এর নীতি নির্ধারণীতে দিক নির্দেশনা প্রদান করবেন।

### ধারা-৭: জেলা/মহানগর উপদেষ্টা পর্ষদ

ক. গঠন: জেলা পর্যায়ে বিতর্ক অঙ্গনে গ্রহণযোগ্য ও সামাজিক অবদান রয়েছে এরূপ ব্যক্তিবর্গের সমন্বয়ে ডিএফএইচ এর জেলা/মহানগর নির্বাহী কমিটির একটি উপদেষ্টা পর্ষদ থাকবে। এরূপ ব্যক্তি বরাবর ডিএফএইচ এর জেলা/মহানগর নির্বাহী কমিটির সভাপতি সংগঠনটির উপদেষ্টা পদ অলঙ্করণের জন্য আবেদন করলে তিনি যদি উপদেষ্টা পদ গ্রহণে সদয় সম্মতি প্রদান করেন তবে তিনি ডিএফএইচ এর জেলা/মহানগর নির্বাহী কমিটির উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত হবেন। উল্লেখ্য সভাপতি জেলা/মহানগর নির্বাহী কমিটির অনুমোদনক্রমে এরূপ আবেদন করবেন। জেলা/মহানগর নির্বাহী কমিটির উপদেষ্টাগণ সাধারণভাবে ডিএফএইচ-এর জেলা/মহানগর উপদেষ্টা হিসেবে পরিচিত হবেন।

খ. কার্যপরিধি:

i. উপদেষ্টাগণ স্বতন্ত্রভাবে ডিএফএইচ-এর জেলা পর্যায়ের কার্যক্রম ও পরিকল্পনার বিষয়ে জেলা/মহানগর নির্বাহী কমিটিকে উপদেশ ও পরামর্শ প্রদান করবেন এবং
ii. সংশ্লিষ্ট জেলা পর্যায়ে ডিএফএইচ-এর নীতি নির্ধারণীতে দিক নির্দেশনা প্রদান করবেন।

### ধারা-৮: উপজেলা/থানা উপদেষ্টা পর্ষদ

ক. গঠন: উপজেলা/থানা পর্যায়ে বিতর্ক অঙ্গনে গ্রহণযোগ্য ও সামাজিক অবদান রয়েছে এরূপ ব্যক্তিবর্গের সমন্বয়ে ডিএফ এইচ এর উপজেলা/থানা নির্বাহী কমিটির একটি উপদেষ্টা পর্ষদ থাকবে। এরূপ ব্যক্তি বরাবর ডিএফএইচ এর উপজেলা/থানা নির্বাহী কমিটির সভাপতি সংগঠনটির উপদেষ্টা পদ অলঙ্করণের জন্য আবেদন করলে তিনি যদি উপদেষ্টা পদ গ্রহণে সদয় সম্মতি প্রদান করেন তবে তিনি ডিএফএইচ এর উপজেলা/থানা নির্বাহী কমিটির উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত হবেন। উল্লেখ্য সভাপতি জেলা/মহানগর নির্বাহী কমিটির অনুমোদনক্রমে এরূপ আবেদন করবেন। উপজেলা/থানা নির্বাহী কমিটির উপদেষ্টাগণ সাধারণভাবে ডিএফএইচ-এর উপজেলা/থানা উপদেষ্টা হিসেবে পরিচিত হবেন।

খ. কার্যপরিধি:

i. উপদেষ্টাগণ স্বতন্ত্রভাবে ডিএফএইচ-এর উপজেলা/থানা পর্যায়ের কার্যক্রম ও পরিকল্পনার বিষয়ে উপজেলা/থানা নির্বাহী কমিটিকে উপদেশ ও পরামর্শ প্রদান করবেন এবং

ii. সংশ্লিষ্ট উপজেলা/থানা পর্যায়ে ডিএফএইচ-এর নীতি নির্ধারণীতে দিক নির্দেশনা প্রদান করবেন।

ধারা-৯: ইউনিয়ন/ওয়ার্ড উপদেষ্টা পর্ষদ

ক. গঠন: ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে বিতর্ক অঙ্গনে গ্রহণযোগ্য ও সামাজিক অবদান রয়েছে এরূপ ব্যক্তিবর্গের সমন্বয়ে ডিএফএইচ এর ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির একটি উপদেষ্টা পর্ষদ থাকবে। এরূপ ব্যক্তি বরাবর ডিএফএইচ এর ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির সভাপতি সংগঠনটির উপদেষ্টা পদ অলঙ্করণের জন্য আবেদন করলে তিনি যদি উপদেষ্টা পদ গ্রহণে সদয় সম্মতি প্রদান করেন তবে তিনি ডিএফ এইচ এর ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত হবেন। উল্লেখ্য সভাপতি ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির অনুমোদনক্রমে এরূপ আবেদন করবেন। ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির উপদেষ্টাগণ সাধারণভাবে ডিএফএইচ-এর ইউনিয়ন/ওয়ার্ড উপদেষ্টা হিসেবে পরিচিত হবেন।

খ. কার্যপরিধি:

i. উপদেষ্টাগণ স্বতন্ত্রভাবে ডিএফএইচ-এর ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ের কার্যক্রম ও পরিকল্পনার বিষয়ে ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটিকে উপদেশ ও পরামর্শ প্রদান করবেন এবং

ii. সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে ডিএফএইচ-এর নীতি নির্ধারণীতে দিক নির্দেশনা প্রদান করবেন।

## আ. নির্বাহী কমিটি

ধারা-১০: জাতীয় নির্বাহী কমিটি

ক. গঠন: ডিএফএইচ-এর একটি জাতীয় নির্বাহী কমিটি থাকবে যা সংগঠনটির সর্বোচ্চ নীতি-নির্ধারণী কমিটি। এর সদস্য সংখ্যা সর্বোচ্চ ১০১ জন। এই কমিটিতে একজন চেয়ারম্যান থাকবেন যিনি সভায় সভাপতিত্ব করবেন। উক্ত কমিটির কোন সদস্যের দায়িত্ব/কার্যপরিধি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হবে।

খ. সদস্য অন্তর্ভুক্তি: জাতীয় কার্যকরী কমিটি ও জেলা/মহানগর নির্বাহী কমিটিসমূহের সদস্য এবং জাতীয়ভাবে বিতর্ক শিল্পে গ্রহণযোগ্য অথবা জাতীয় অবদান রয়েছে এরূপ ব্যক্তিগণের মধ্য হতে কোন ব্যক্তিকে জাতীয় ক্ষেত্রে অবদান ও ধারা-১৯ এ বর্ণিত গুণ বিবেচনা করে জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে।

গ. কার্যপরিধি:

i. লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নকল্পে ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ;

ii. উপদেষ্টাগণের উপদেশ যথাযথ বিশ্লেষণের মাধ্যমে কার্যক্রম/কর্মপন্থা নির্ধারণ;

iii. জেলা/মহানগর নির্বাহী কমিটি ও জাতীয় কার্যকরী কমিটির কার্যক্রম প্রত্যক্ষভাবে তদারকী ও মূল্যায়ন করা;

iv. ডিএফএইচ-এর কার্যক্রমসমূহে সার্বিকভাবে অভিভাবকত্ব করা এবং

v. গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে মূল দায়িত্ব পালন করা।

ঘ. সভা: জাতীয় নির্বাহী কমিটির চেয়ারম্যান উক্ত কমিটির সভা আহ্বান করবেন ও সভায় সভাপতিত্ব করবেন। মাসে একবার জাতীয় নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে চেয়ারম্যান ২৪ ঘন্টার নোটিশে উক্ত কমিটির জরুরী সভা আয়োজন করতে পারবেন।

ঙ. কোরাম: জাতীয় নির্বাহী কমিটির বিদ্যমান সদস্যদের এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে উক্ত কমিটির সভার কোরাম পূর্ণ হবে।

চ. সিদ্ধান্ত গ্রহণ: সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে।

ধারা-১১: জেলা/মহানগর নির্বাহী কমিটি

ক. গঠন: জেলা/মহানগর প্রতি ডিএফএইচ-এর একটি জেলা/মহানগর নির্বাহী কমিটি থাকবে যা সংগঠনটির জেলা/মহানগর পর্যায়ের কার্যক্রমের নীতি-নির্ধারণী কমিটি। এর সদস্য সংখ্যা সর্বোচ্চ ৫১ জন। এই কমিটিতে একজন সভাপতি থাকবেন যিনি সভায় সভাপতিত্ব করবেন। উক্ত কমিটির কোন সদস্যের দায়িত্ব/কার্যপরিধি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হবে।

খ. সদস্য অন্তর্ভুক্তি: সংশ্লিষ্ট জেলার আওতাধীন উপ-জেলা/থানা নির্বাহী কমিটিসমূহ, জেলা/মহানগর কার্যকরী কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট জেলায় বিতর্ক শিল্পে গ্রহণযোগ্য অথবা জাতীয় অবদান রয়েছে এরূপ ব্যক্তিগণের মধ্য হতে কোন ব্যক্তিকে ও ধারা-১৯ এ বর্ণিত গুণ বিবেচনা করে জেলা/মহানগর নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে। উক্ত সিদ্ধান্ত জাতীয় নির্বাহী কমিটির অনুমোদনক্রমে কার্যকর হবে।

গ. কার্যপরিধি:

i. লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট জেলায় বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক কর্মপরিকল্পনা

গ্রহণ;

ii. জেলা উপদেষ্টাগণের উপদেশ যথাযথ বিশ্লেষণের মাধ্যমে কার্যক্রম/কর্মপন্থা নির্ধারণ;

iii. সংশ্লিষ্ট জেলার আওতাধীন উপ-জেলা/থানা নির্বাহী কমিটি ও জেলা/মহানগর কার্যকরী কমিটির কার্যক্রম প্রত্যক্ষভাবে তদারকী ও মূল্যায়ন করা;

iv. সংশ্লিষ্ট জেলা পর্যায়ে ডিএফএইচ-এর কার্যক্রমসমূহে সার্বিকভাবে অভিভাবকত্ব করা এবং

v. গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে মূল দায়িত্ব পালন করা।

ঘ. সভা: জেলা/মহানগর নির্বাহী কমিটির সভাপতি উক্ত কমিটির সভা আহ্বান করবেন ও সভায় সভাপতিত্ব করবেন। মাসে একবার জেলা/মহানগর নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে সভাপতি ২৪ ঘন্টার নোটিশে উক্ত কমিটির জরুরী সভা আয়োজন করতে পারবেন।

ঙ. কোরাম: জেলা/মহানগর নির্বাহী কমিটির বিদ্যমান সদস্যদের এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে উক্ত কমিটির সভার কোরাম পূর্ণ হবে।

চ. সিদ্ধান্ত গ্রহণ: সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে।

ছ. জবাবদিহিতা: জেলা/মহানগর নির্বাহী কমিটি তার কাজের জন্য জাতীয় নির্বাহী কমিটির নিকট জবাবদিহি করবে।

ধারা-১২: উপজেলা/থানা নির্বাহী কমিটি

ক. গঠন: উপজেলা/থানা প্রতি ডিএফএইচ-এর একটি উপজেলা/থানা নির্বাহী কমিটি থাকবে যা সংগঠনটির উপজেলা/থানা পর্যায়ের কার্যক্রমের নীতি-নির্ধারণী কমিটি। এর সদস্য সংখ্যা সর্বোচ্চ ৩১ জন। এই কমিটিতে একজন সভাপতি থাকবেন যিনি সভায় সভাপতিত্ব করবেন। উক্ত কমিটির কোন সদস্যের দায়িত্ব/কার্যপরিধি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হবে।

খ. সদস্য অন্তর্ভুক্তি: সংশ্লিষ্ট উপজেলার আওতাধীন ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটিসমূহ ও উপজেলা/থানা কার্যকরী কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট উপজেলা/থানায় বিতর্ক শিল্পে গ্রহণযোগ্য অথবা সামাজিক অবদান রয়েছে এরূপ ব্যক্তিগণের মধ্য হতে কোন ব্যক্তিকে ধারা-১৯ এ বর্ণিত গুণ বিবেচনা করে উপজেলা/থানা নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে। উক্ত সিদ্ধান্ত তার সংশ্লিষ্ট জেলা/মহানগর নির্বাহী কমিটির অনুমোদনক্রমে কার্যকর হবে।

গ. কার্যপরিধি:

i. লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট উপজেলা/থানায় বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ

ii. উপজেলা/থানা উপদেষ্টাগণের উপদেশ যথাযথ বিশ্লেষণের মাধ্যমে কার্যক্রম/কর্মপন্থা নির্ধারণ;

iii. সংশ্লিষ্ট উপজেলার আওতাধীন ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটিসমূহ ও উপজেলা/থানা কার্যকরী কমিটির কার্যক্রম প্রত্যক্ষভাবে তদারকী ও মূল্যায়ন করা;

iv. সংশ্লিষ্ট উপজেলা/থানা পর্যায়ে ডিএফএইচ-এর কার্যক্রমসমূহে সার্বিকভাবে অভিভাবকত্ব করা এবং

v. গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে মূল দায়িত্ব পালন করা।

ঘ. সভা: উপজেলা/থানা নির্বাহী কমিটির সভাপতি উক্ত কমিটির সভা আহ্বান করবেন ও সভায় সভাপতিত্ব করবেন। মাসে একবার উপজেলা/থানা নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে সভাপতি ২৪ ঘন্টার নোটিশে উক্ত কমিটির জরুরী সভা আয়োজন করতে পারবেন।

ঙ. কোরাম: উপজেলা/থানা নির্বাহী কমিটির বিদ্যমান সদস্যদের এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে উক্ত কমিটির সভার কোরাম পূর্ণ হবে।

চ. সিদ্ধান্ত গ্রহণ: সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে।

ছ. জবাবদিহিতা: উপজেলা/থানা নির্বাহী কমিটি তার কাজের জন্য জেলা/মহানগর নির্বাহী কমিটির নিকট জবাবদিহি করবে।

ধারা-১৩: ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটি

ক. গঠন: ইউনিয়ন/ওয়ার্ডসমূহ প্রতি ডিএফএইচ-এর একটি ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটি থাকবে যা সংগঠনটির ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ের কার্যক্রমের নীতি-নির্ধারণী কমিটি। এর সদস্য সংখ্যা সর্বোচ্চ ১১ জন। এই কমিটিতে একজন সভাপতি থাকবেন যিনি সভায় সভাপতিত্ব করবেন। উক্ত কমিটির কোন সদস্যের দায়িত্ব/কার্যপরিধি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হবে।

খ. সদস্য অন্তর্ভুক্তি: সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটি সদস্য এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড-এ বিতর্ক শিল্পে গ্রহণযোগ্য অথবা সামাজিক অবদান রয়েছে এরূপ ব্যক্তিগণের মধ্য হতে কোন ব্যক্তিকে ধারা-১৯ এ বর্ণিত গুণ বিবেচনা করে ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে। উক্ত সিদ্ধান্ত তার

DFH DEBATE FOR HUMANITY

সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাহী কমিটির অনুমোদনক্রমে কার্যকর হবে।

গ. কার্যপরিধি:

i. লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড-এ বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ

ii. ইউনিয়ন/ওয়ার্ড উপদেষ্টাগণের উপদেশ যথাযথ বিশ্লেষণের মাধ্যমে কার্যক্রম/কর্মপন্থা নির্ধারণ;

iii. ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির কার্যক্রম প্রত্যক্ষভাবে তদারকী ও মূল্যায়ন করা;

iv. সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে ডিএফএইচ-এর কার্যক্রমসমূহে সার্বিকভাবে অভিভাবকত্ব করা এবং

v. গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে মূল দায়িত্ব পালন করা।

ঘ. সভা: ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির সভাপতি উক্ত কমিটির সভা আহ্বান করবেন ও সভায় সভাপতিত্ব করবেন। মাসে একবার ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে সভাপতি ২৪ ঘন্টার নোটিশে উক্ত কমিটির জরুরী সভা আয়োজন করতে পারবেন।

ঙ. কোরাম: ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির বিদ্যমান সদস্যদের এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে উক্ত কমিটির সভার কোরাম পূর্ণ হবে।

চ. সিদ্ধান্ত গ্রহণ: সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে।

ছ. জবাবদিহিতা: ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটি তার কাজের জন্য উপজেলা/থানা নির্বাহী কমিটির নিকট জবাবদিহি করবে।

## ই. কার্যকরী কমিটি

ধারা-১৪: জাতীয় কার্যকরী কমিটি

ক. গঠন: জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ডিএফএইচ-এর সর্বনিম্ন ৩৪ সদস্য বিশিষ্ট ও সর্বোচ্চ ১০১ সদস্য বিশিষ্ট একটি জাতীয় কার্যকরী কমিটি থাকবে। এতে নিম্নলিখিত পদবী থাকবে।

| | | |
|---|---|---|
| সভাপতি | - | ০১ জন |
| সহ-সভাপতি | - | ০৩ জন |
| সাধারণ সম্পাদক | - | ০১ জন |
| যুগ্ম সাধারণ সম্পাদক | - | ০৩ জন |
| সাংগঠনিক সম্পাদক | - | ০১ জন |
| যুগ্ম সাংগঠনিক সম্পাদক | - | ০৩ জন |
| দপ্তর সম্পাদক | - | ০১ জন |
| সহকারী দপ্তর সম্পাদক | - | ০৩ জন |
| অর্থ সম্পাদক | - | ০১ জন |
| সহকারী অর্থ সম্পাদক | - | ০৩ জন |
| অনুষ্ঠান সম্পাদক | - | ০১ জন |
| সহকারী অনুষ্ঠান সম্পাদক | - | ০৩ জন |
| কর্মশালা সম্পাদক | - | ০১ জন |
| সহকারী কর্মশালা সম্পাদক | - | ০৩ জন |
| বিতর্ক সম্পাদক | - | ০১ জন |
| সহকারী বিতর্ক সম্পাদক | - | ০৩ জন |
| প্রচার সম্পাদক | - | ০১ জন |
| সহকারী প্রচার সম্পাদক | - | ০৩ জন |
| প্রকাশনা সম্পাদক | - | ০১ জন |
| সহকারী প্রকাশনা সম্পাদক | - | ০৩ জন |
| তথ্য ও গবেষণা সম্পাদক | - | ০১ জন |
| সহকারী তথ্য ও গবেষণা সম্পাদক | - | ০৩ জন |
| আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক | - | ০১ জন |
| সহকারী আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক | - | ০৩ জন |
| কার্যকরী সদস্য | - | ৫৩ জন |

খ. অন্তর্ভুক্তি:

i. বিদ্যমান জাতীয় কার্যকরী কমিটির সকল সদস্য ও জেলা/মহনগর কার্যকরী কমিটির ধারা-৩৪(খ) এ

DFH DEBATE FOR HUMANITY

উল্লেখিত পদবীধারী সদস্যগণের প্রত্যক্ষ ভোটে (সংখ্যাগরিষ্ঠ ভোটে) নির্বাচনের মাধ্যমে ধারা-৩৫ এ উল্লেখিত ব্যক্তিগণ জাতীয় কার্যকরী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হবেন।

ii. নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক ঐক্যমতের ভিত্তিতে ভোটারদের মধ্য হতে কমিটি গঠন করবেন যেখানে জেলা/মহানগর কার্যকরী কমিটির ধারা-৩৪(খ) এ উল্লেখিত পদবীধারী সদস্যগণের অংশগ্রহণ শতকরা ৩০ ভাগের অতিরিক্ত হবেনা। গঠিত কমিটিতে নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক যাদের অন্তর্ভুক্ত করবেন তাদের ক্ষেত্রে জাতীয় নির্বাহী কমিটির অনুমোদন প্রয়োজন হবে।

গ. কার্যপরিধিঃ

i. জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন;
ii. বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের নিমিত্ত কর্মপরিকল্পনা জাতীয় নির্বাহী কমিটিতে প্রেরণ করা;
iii. জেলা/মহানগর কার্যকরী কমিটির কার্যক্রম প্রত্যক্ষভাবে তদারকী ও মূল্যায়ন করা এবং
iv. ডিএফএইচ-এর সকল কার্যকরী কমিটির কার্যক্রমসমূহে সার্বিকভাবে অভিভাবকত্ব করা।

ঘ. সভাঃ জাতীয় কার্যকরী কমিটির সভাপতি উক্ত কমিটির সভা আহ্বান করবেন ও সভায় সভাপতিত্ব করবেন। তার অনুপস্থিতিতে সহ সভাপতিদের মধ্যে যিনি জ্যেষ্ঠ তিনি সভাপতিত্ব করবেন। মাসে একবার জাতীয় কার্যকরী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে সভাপতি ২৪ ঘন্টার নোটিশে উক্ত কমিটির জরুরী সভা আয়োজন করতে পারবেন।

ঙ. কোরামঃ জাতীয় কার্যকরী কমিটির বিদ্যমান সদস্যদের অর্ধেক সদস্যের উপস্থিতিতে উক্ত কমিটির সভার কোরাম পূর্ণ হবে।

চ. সিদ্ধান্ত গ্রহণঃ সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে।

ছ. জবাবদিহিতাঃ জাতীয় কার্যকরী কমিটি তার কাজের জন্য জাতীয় নির্বাহী কমিটির নিকট জবাবদিহি করবে।

ধারা-১৫ঃ জেলা/মহানগর কার্যকরী কমিটি

ক. গঠনঃ জেলা/মহানগর নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ডিএফএইচ-এর সর্বনিম্ন ১৭ সদস্য বিশিষ্ট ও সর্বোচ্চ ৫১ সদস্য বিশিষ্ট একটি জেলা/মহানগর কার্যকরী কমিটি থাকবে। এতে নিম্নলিখিত পদবী থাকবে।

| | | |
|---|---|---|
| সভাপতি | - | ০১ জন |
| সহ সভাপতি | - | ০৩ জন |
| সাধারণ সম্পাদক | - | ০১ জন |
| যুগ্ম সাধারণ সম্পাদক | - | ০৩ জন |
| সাংগঠনিক সম্পাদক | - | ০১ জন |
| যুগ্ম সাংগঠনিক সম্পাদক | - | ০৩ জন |
| দপ্তর সম্পাদক | - | ০১ জন |
| সহকারী দপ্তর সম্পাদক | - | ০৩ জন |
| অর্থ সম্পাদক | - | ০১ জন |
| সহকারী অর্থ সম্পাদক | - | ০৩ জন |
| অনুষ্ঠান সম্পাদক | - | ০১ জন |
| সহকারী অনুষ্ঠান সম্পাদক | - | ০৩ জন |
| প্রশিক্ষণ সম্পাদক | - | ০১ জন |
| সহকারী প্রশিক্ষণ সম্পাদক | - | ০৩ জন |
| বিতর্ক সম্পাদক | - | ০১ জন |
| সহকারী বিতর্ক সম্পাদক | - | ০৩ জন |
| তথ্য ও গবেষণা সম্পাদক | - | ০১ জন |
| সহকারী তথ্য ও গবেষণা সম্পাদক | - | ০৩ জন |
| প্রচার সম্পাদক | - | ০১ জন |
| সহকারী প্রচার সম্পাদক | - | ০৩ জন |
| প্রকাশনা সম্পাদক | - | ০১ জন |
| সহকারী প্রকাশনা সম্পাদক | - | ০৩ জন |
| কার্যকরী সদস্য | - | ০৭ জন |

খ. অন্তর্ভুক্তিঃ

i. বিদ্যমান জেলা/মহানগর কার্যকরী কমিটির সকল সদস্য ও আওতাধীন উপজেলা/থানা কার্যকরী কমিটি সমূহের ধারা-৩৪(খ) এ উল্লেখিত পদবীধারী সদস্যগণের প্রত্যক্ষ ভোটে (সংখ্যাগরিষ্ঠ ভোটে) নির্বাচনের

DEBATE FOR HUMANITY

মাধ্যমে  ধারা-৩৫ এ উল্লেখিত ব্যক্তিগণ জেলা/মহানগর কার্যকরী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হবেন।

ii. নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক ঐক্যমতের ভিত্তিতে ভোটারদের মধ্য হতে কমিটি গঠন করবেন যেখানে উপজেলা/থানা কার্যকরী কমিটির ধারা-৩৪(খ) এ উল্লেখিত পদবীধারী সদস্যগণ হতে অংশগ্রহণ শতকরা ৩০ ভাগের অতিরিক্ত হবেনা। গঠিত কমিটিতে নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক যাদের অন্তর্ভুক্ত করবেন তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা/মহানগর নির্বাহী কমিটির অনুমোদন প্রয়োজন হবে।

গ. কার্যপরিধি:

i. জেলা/মহানগর নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন;

ii. বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের নিমিত্ত কর্মপরিকল্পনা জেলা/মহানগর নির্বাহী কমিটিতে প্রেরণ করা এবং

iii. উপজেলা/থানা কার্যকরী কমিটির কার্যক্রম প্রত্যক্ষভাবে তদারকী ও মূল্যায়ন করা।

ঘ. সভা: জেলা/মহানগর কার্যকরী কমিটির সভাপতি উক্ত কমিটির সভা আহ্বান করবেন ও সভায় সভাপতিত্ব করবেন। তার অনুপস্থিতিতে সহ সভাপতিদের মধ্যে যিনি জ্যেষ্ঠ তিনি সভাপতিত্ব করবেন। মাসে একবার জেলা/মহানগর কার্যকরী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে সভাপতি ২৪ ঘন্টার নোটিশে উক্ত কমিটির জরুরী সভা আয়োজন করতে পারবেন।

ঙ. কোরাম: জেলা/মহানগর কার্যকরী কমিটির বিদ্যমান সদস্যদের অর্ধেক সদস্যের উপস্থিতিতে উক্ত কমিটির সভার কোরাম পূর্ণ হবে।

চ. সিদ্ধান্ত গ্রহণ: সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে।

ছ. জবাবদিহিতা: জেলা/মহানগর কার্যকরী কমিটি তার কাজের জন্য জেলা/মহানগর নির্বাহী কমিটির নিকট জবাবদিহি করবে।

ধারা-১৬: উপজেলা/থানা কার্যকরী কমিটি

ক. গঠন: উপজেলা/থানা নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ডিএফএইচ-এর সর্বনিম্ন ১১ সদস্য বিশিষ্ট ও সর্বোচ্চ ৩১ সদস্য বিশিষ্ট একটি উপজেলা/থানা কার্যকরী কমিটি থাকবে। এতে নিম্নলিখিত পদবী থাকবে।

| | | |
|---|---|---|
| সভাপতি | - | ০১ জন |
| সহ সভাপতি | - | ০২ জন |
| সাধারণ সম্পাদক | - | ০১ জন |
| যুগ্ম  সাধারণ সম্পাদক | - | ০১ জন |
| সাংগঠনিক সম্পাদক | - | ০১ জন |
| যুগ্ম  সাংগঠনিক সম্পাদক | - | ০১ জন |
| দপ্তর সম্পাদক | - | ০১ জন |
| সহকারী দপ্তর সম্পাদক | - | ০১ জন |
| অর্থ সম্পাদক | - | ০১ জন |
| সহকারী অর্থ সম্পাদক | - | ০১ জন |
| অনুষ্ঠান সম্পাদক | - | ০১ জন |
| সহকারী অনুষ্ঠান সম্পাদক | - | ০১ জন |
| প্রশিক্ষণ সম্পাদক | - | ০১ জন |
| সহকারী প্রশিক্ষণ সম্পাদক | - | ০১ জন |
| বিতর্ক সম্পাদক | - | ০১ জন |
| সহকারী বিতর্ক সম্পাদক | - | ০১ জন |
| তথ্য ও গবেষণা সম্পাদক | - | ০১ জন |
| সহকারী তথ্য ও গবেষণা সম্পাদক | - | ০১ জন |
| প্রচার সম্পাদক | - | ০১ জন |
| সহকারী প্রচার সম্পাদক | - | ০১ জন |
| প্রকাশনা সম্পাদক | - | ০১ জন |
| সহকারী প্রকাশনা সম্পাদক | - | ০১ জন |
| কার্যকরী সদস্য | - | ০৮ জন |

খ. অন্তর্ভুক্তি:

i. বিদ্যমান উপজেলা/থানা কার্যকরী কমিটির সকল সদস্য ও আওতাধীন ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির ধারা-৩৪(খ) এ উল্লেখিত পদবীধারী সদস্যগণের প্রত্যক্ষ প্রত্যক্ষ ভোটে (সংখ্যাগরিষ্ঠ ভোটে) নির্বাচনের

মাধ্যমে ধারা-৩৫ এ উল্লেখিত ব্যক্তিগণ উপজেলা/থানা কার্যকরী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হবেন।

ii. নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক ঐক্যমতের ভিত্তিতে ভোটারদের মধ্য হতে কমিটি গঠন করবেন যেখানে ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির, ধারা-৩৪(খ) এ উল্লেখিত পদবীধারী সদস্যগণ হতে অংশগ্রহণ শতকরা ৩০ ভাগের অতিরিক্ত হবেনা। গঠিত কমিটিতে নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক যাদের অন্তর্ভুক্ত করবেন তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাহী কমিটির অনুমোদন প্রয়োজন হবে।

গ. কার্যপরিধিঃ

i. উপজেলা/থানা নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন;

ii. বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের নিমিত্ত কর্মপরিকল্পনা উপজেলা/থানা নির্বাহী কমিটিতে প্রেরণ করা এবং

iii. ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির কার্যক্রম প্রত্যক্ষভাবে তদারকী ও মূল্যায়ন করা।

ঘ. সভাঃ উপজেলা/থানা কার্যকরী কমিটির সভাপতি উক্ত কমিটির সভা আহ্বান করবেন ও সভায় সভাপতিত্ব করবেন। তার অনুপস্থিতিতে সহ সভাপতিদের মধ্যে যিনি জ্যেষ্ঠ তিনি সভাপতিত্ব করবেন। মাসে একবার উপজেলা/থানা কার্যকরী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে সভাপতি ২৪ ঘন্টার নোটিশে উক্ত কমিটির জরুরী সভা আয়োজন করতে পারবেন।

ঙ. কোরামঃ উপজেলা/থানা কার্যকরী কমিটির বিদ্যমান সদস্যদের অর্ধেক সদস্যের উপস্থিতিতে উক্ত কমিটির সভার কোরাম পূর্ণ হবে।

চ. সিদ্ধান্ত গ্রহণঃ সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে।

ছ. জবাবদিহিতাঃ উপজেলা/থানা কার্যকরী কমিটি তার কাজের জন্য উপজেলা/থানা নির্বাহী কমিটির নিকট জবাবদিহি করবে।

ধারা-১৭: ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটি

ক. গঠনঃ ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ডিএফএইচ-এর সর্বনিম্ন ০৭ সদস্য বিশিষ্ট ও সর্বোচ্চ ২১ সদস্য বিশিষ্ট একটি ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটি থাকবে। এতে নিম্নলিখিত পদবী থাকবে।

| | | |
|---|---|---|
| সভাপতি | - | ০১ জন |
| সহ-সভাপতি | - | ০১ জন |
| সাধারণ সম্পাদক | - | ০১ জন |
| যুগ্ম  সাধারণ সম্পাদক | - | ০১ জন |
| সাংগঠনিক সম্পাদক | - | ০১ জন |
| দপ্তর সম্পাদক | - | ০১ জন |
| অর্থ সম্পাদক | - | ০১ জন |
| সহকারী অর্থ সম্পাদক | - | ০১ জন |
| অনুষ্ঠান সম্পাদক | - | ০১ জন |
| সহকারী অনুষ্ঠান সম্পাদক | - | ০১ জন |
| প্রশিক্ষণ সম্পাদক | - | ০১ জন |
| বিতর্ক সম্পাদক | - | ০১ জন |
| তথ্য ও গবেষণা সম্পাদক | - | ০১ জন |
| কার্যকরী সদস্য | - | ০৮ জন |

খ. অন্তর্ভুক্তিঃ

i. বিদ্যমান ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির সকল সদস্য ও সাধারণ সদস্যগণের প্রত্যক্ষ প্রত্যক্ষ ভোটে (সংখ্যাগরিষ্ঠ ভোটে) নির্বাচনের মাধ্যমে ধারা-৩৫ এ উল্লেখিত ব্যক্তিগণ উপজেলা/থানা কার্যকরী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হবেন।

ii. নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক ঐক্যমতের ভিত্তিতে ভোটারদের মধ্য হতে কমিটি গঠন করবেন যেখানে সাধারণ সদস্যগণ হতে অংশগ্রহণ শতকরা ৩০ ভাগের অতিরিক্ত হবেনা। গঠিত কমিটিতে নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক যাদের অন্তর্ভুক্ত করবেন তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির অনুমোদন প্রয়োজন হবে।

গ. কার্যপরিধিঃ

i. ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন;

ii. বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের নিমিত্ত কর্মপরিকল্পনা ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটিতে প্রেরণ করা এবং

DFH DEBATE FOR HUMANITY

iii. ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির কার্যক্রম প্রত্যক্ষভাবে তদারকী ও মূল্যায়ন করা।

ঘ. সভা: ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির সভাপতি উক্ত কমিটির সভা আহ্বান করবেন ও সভায় সভাপতিত্ব করবেন। তার অনুপস্থিতিতে সহ সভাপতি সভাপতিত্ব করবেন। মাসে একবার ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে সভাপতি ২৪ ঘন্টার নোটিশে উক্ত কমিটির জরুরী সভা আয়োজন করতে পারবেন।

ঙ. কোরাম: ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটির বিদ্যমান সদস্যদের অর্ধেক সদস্যের উপস্থিতিতে উক্ত কমিটির সভার কোরাম পূর্ণ হবে।

চ. সিদ্ধান্ত গ্রহণ: সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে।

ছ. জবাবদিহিতা: ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটি তার কাজের জন্য ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির নিকট জবাবদিহি করবে।

## ঈ. সামগ্রিক

ধারা-১৮: বিভিন্ন পদের দায়িত্বসমূহ

ক. সভাপতি

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কাজ সার্বিকভাবে তদারকী করা;
ii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটির নিয়মিত সভায় কার্যকরী কমিটির কাজের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করা ও জবাবদিহি করা;
iii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটিতে অনুমোদনের জন্য ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক কর্মপরিকল্পনার প্রস্তাব উত্থাপন করা;
iv. সংশ্লিষ্ট নির্বাহী কমিটিতে অনুমোদনের জন্য বার্ষিক বাজেট/সম্পূরক বাজেট পেশ করা এবং
v. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

খ. সহ-সভাপতি

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কাজ সার্বিকভাবে তদারকীতে সভাপতিকে সহায়তা করা;
ii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটিতে অনুমোদনের জন্য ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক কর্মপরিকল্পনা তৈরিতে সভাপতিকে সহায়তা করা;
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা ।
iv. সভাপতির অনুপস্থিতিতে তার প্রতিনিধিত্ব করা।

গ. সাধারণ সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কাজ সার্বিকভাবে বাস্তবায়নের দায়িত্ব পালন করা;
ii. কার্যকরী কমিটির কাজের অগ্রগতির প্রতিবেদন তৈরিতে তিনি সভাপতিকে সহায়তা করা এবং সংশ্লিষ্ট নির্বাহী কমিটির নিয়মিত সভায় উক্ত প্রতিবেদন উপস্থাপনকালে তিনি উপস্থিত থেকে জবাবদিহি করা;
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা ।

ঘ. যুগ্ম সাধারণ সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কাজ সার্বিকভাবে বাস্তবায়নে সাধারণ সম্পাদককে সহায়তা করা;
ii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা ।
iii. সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তার প্রতিনিধিত্ব করা।

ঙ. সাংগঠনিক সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে সাংগঠনিক সংহতি বৃদ্ধিতে কাজ করা;
ii. অধস্তন কমিটিসমূহের কার্যক্রমসমূহের বিষয়ে তথ্য সংগ্রহ করা ও তা সংশ্লিষ্ট কমিটিতে উপস্থাপন করা;
iii. অধস্তন কমিটিসমূহের কার্যক্রমসমূহে সহায়তা প্রদান করা;
iv. সংশ্লিষ্ট কমিটির বিভিন্ন পদবীর দায়িত্ব পালনে সমন্বয় করা
v. সংশ্লিষ্ট এলাকায় অন্যান্য সংগঠনসমূহ (বিশেষ করে বিতর্ক সংগঠনসমূহ) এর সাথে যোগাযোগ রাখা ও তাদের কার্যক্রম সম্পর্কে তথ্যাদি সংগ্রহ করে সংশ্লিষ্ট কমিটির সভায় উত্থাপন করা এবং
vi. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

চ. যুগ্ম সাংগঠনিক সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে সাংগঠনিক সংহতি বৃদ্ধিতে সাংগঠনিক সম্পাদককে সহায়তা করা;
ii. অধস্তন কমিটিসমূহের কার্যক্রমসমূহের বিষয়ে তথ্য সংগ্রহ করা ও তা সংশ্লিষ্ট কমিটিতে উপস্থাপনে

DEBATE FOR HUMANITY

সাংগঠনিক সম্পাদককে সহায়তা করা;

iii. অধস্তন কমিটিসমূহের কার্যক্রমসমূহে সহায়তা প্রদান করা;
iv. সংশ্লিষ্ট কমিটির বিভিন্ন পদবীর দায়িত্ব পালনে সমন্বয়ে সাংগঠনিক সম্পাদককে সহায়তা প্রদান করা
v. সংশ্লিষ্ট এলাকায় অন্যান্য সংগঠনসমূহ (বিশেষ করে বিতর্ক সংগঠনসমূহ) এর সাথে যোগাযোগ রাখা ও তাদের কার্যক্রম সম্পর্কে তথ্যাদি সংগ্রহে সাংগঠনিক সম্পাদককে সহায়তা করা;
vi. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা এবং
vii. সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তার প্রতিনিধিত্ব করা।

ছ. দপ্তর সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির যাবতীয় ডকুমেন্ট, কাগজপত্র, প্রামান্য দলিল ইত্যাদি সংরক্ষণ ও বিশ্লেষণ এবং সে অনুযায়ী করণীয় সম্পর্কে সংশ্লিষ্ট কার্যকরী কমিটিকে অবহিত করা;
ii. দপ্তর ব্যবস্থাপনা করা ;
iii. দাপ্তরিক কাগজপত্র তৈরি করা এবং
iv. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন।

জ. সহকারী দপ্তর সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির যাবতীয় ডকুমেন্ট, কাগজপত্র, প্রামান্য দলিল ইত্যাদি সংরক্ষণ ও বিশ্লেষণে দপ্তর সম্পাদককে সহায়তা করা;
ii. দপ্তর ব্যবস্থাপনায় দপ্তর সম্পাদককে সহায়তা করা;
iii. দাপ্তরিক কাগজপত্র তৈরিতে দপ্তর সম্পাদককে সহায়তা করা এবং
iv. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ঝ. অর্থ সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির আয় ও ব্যয়ের যাবতীয় ডকুমেন্ট, কাগজপত্র, প্রামান্য দলিল ইত্যাদি সংরক্ষণ ও তা সংশ্লিষ্ট কার্যকরী কমিটিকে অবহিত করা;
ii. অর্থ ব্যবস্থাপনা করা;
iii. সংশ্লিষ্ট আয় বৃদ্ধিতে করণীয় সম্পর্কে প্রস্তাবনা তৈরি ও তা কমিটিতে উত্থাপন করা;
iv. সংশ্লিষ্ট নির্বাহী কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণের লক্ষ্যে বার্ষিক বাজেট/সম্পুরক বাজেট তৈরি করা যা সংশ্লিষ্ট কার্যকরী কমিটির সভার সিদ্ধান্তক্রমে নির্বাহী কমিটিতে প্রেরণ করা হবে এবং
v. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ঞ. সহকারী অর্থ সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির আয় ও ব্যয়ের যাবতীয় ডকুমেন্ট, কাগজপত্র, প্রামান্য দলিল ইত্যাদি সংরক্ষণে অর্থ সম্পাদককে সহায়তা করা;
ii. অর্থ ব্যবস্থাপনায় অর্থ সম্পাদককে সহায়তা করা;
iii. সংশ্লিষ্ট আয় বৃদ্ধিতে করণীয় সম্পর্কে প্রস্তাবনা তৈরিতে অর্থ সম্পাদককে সহায়তা করা এবং
iv. সংশ্লিষ্ট নির্বাহী কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণের লক্ষ্যে বার্ষিক বাজেট/সম্পুরক বাজেট তৈরি করতে অর্থ সম্পাদককে সহায়তা করা।
v. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ট. অনুষ্ঠান সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কার্যপরিধির আওতাভুক্ত অনুষ্ঠানসমূহ বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন করা;
ii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটির অনুমোদনের লক্ষ্যে কার্যকরী কমিটির প্রস্তাবনায় অন্তর্ভুক্ত করার জন্য অনুষ্ঠান প্রস্তাবনা/পরিকল্পনা তৈরি করা;
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ঠ. সহকারী অনুষ্ঠান সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কার্যপরিধির আওতাভুক্ত অনুষ্ঠানসমূহ বাস্তবায়নে অনুষ্ঠান সম্পাদককে সহায়তা করা;
ii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটির অনুমোদনের লক্ষ্যে কার্যকরী কমিটির প্রস্তাবনায় অন্তর্ভুক্ত করার জন্য অনুষ্ঠান প্রস্তাবনা/পরিকল্পনা তৈরিতে অনুষ্ঠান সম্পাদককে সহায়তা করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ড. প্রশিক্ষণ সম্পাদক

DEBATE FOR HUMANITY

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কার্যপরিধির আওতাভুক্ত প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন করা;
ii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটির অনুমোদনের লক্ষ্যে কার্যকরী কমিটির প্রস্তাবনায় অন্তর্ভুক্ত করার জন্য প্রশিক্ষণ কর্মসূচি প্রস্তাবনা তৈরি করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।
iv. প্রশিক্ষক প্যানেল তৈরি করা এবং যোগাযোগ-এর সার্বিক ব্যবস্থাপনা করা।

ঢ. সহকারী প্রশিক্ষণ সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কার্যপরিধির আওতাভুক্ত প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে প্রশিক্ষণ সম্পাদককে সহায়তা করা;
ii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটির অনুমোদনের লক্ষ্যে কার্যকরী কমিটির প্রস্তাবনায় অন্তর্ভুক্ত করার জন্য প্রশিক্ষণ কর্মসূচি প্রস্তাবনা তৈরিতে প্রশিক্ষণ সম্পাদককে সহায়তা করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ণ. বিতর্ক সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কার্যপরিধির আওতাভুক্ত বিতর্ক কর্মসূচি বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন করা;
ii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটির অনুমোদনের লক্ষ্যে কার্যকরী কমিটির প্রস্তাবনায় অন্তর্ভুক্ত করার জন্য বিতর্ক কর্মসূচি প্রস্তাবনা তৈরি করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ত. সহকারী বিতর্ক সম্পাদক

i. সংশ্লিষ্ট কার্যকরী কমিটির কার্যপরিধির আওতাভুক্ত বিতর্ক কর্মসূচি বাস্তবায়নে বিতর্ক সম্পাদককে সহায়তা করা;
ii. সংশ্লিষ্ট নির্বাহী কমিটির অনুমোদনের লক্ষ্যে কার্যকরী কমিটির প্রস্তাবনায় অন্তর্ভুক্ত করার জন্য বিতর্ক কর্মসূচি প্রস্তাবনা তৈরিতে বিতর্ক সম্পাদককে সহায়তা করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

থ. প্রচার সম্পাদক:

i. সংগঠন ও সংশ্লিষ্ট কমিটির ভাবমূর্তি উজ্জ্বল করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;
ii. সংশ্লিষ্ট কমিটির গৃহীত কার্যক্রমসমূহ যাতে সামাজিক গুরুত্ব পায় এবং তাতে যেন জনসাধারণ উপকৃত হয় সে পদক্ষেপ গ্রহন করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

দ. সহকারী প্রচার সম্পাদক:

i. সংগঠন ও সংশ্লিষ্ট কমিটির ভাবমূর্তি উজ্জ্বল করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে প্রচার সম্পাদককে সহায়তা করা;
ii. সংশ্লিষ্ট কমিটির গৃহীত কার্যক্রমসমূহ যাতে সামাজিক গুরুত্ব পায় এবং তাতে যেন জনসাধারণ উপকৃত হয় সে পদক্ষেপ গ্রহনে প্রচার সম্পাদককে সহায়তা করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ধ. প্রকাশনা সম্পাদক

i. নিয়মিত সাময়িকী এবং অনুষ্ঠান ভিত্তিক ম্যাগাজিন প্রকাশ করা;
ii. সংশ্লিষ্ট কমিটির সাংগঠনিক প্রয়োজনে বিভিন্ন ডকুমেন্ট ইত্যাদি প্রকাশ এবং ডিজাইন তৈরিতে ব্যবস্থা গ্রহণ করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ন. সহকারী প্রকাশনা সম্পাদক

i. নিয়মিত সাময়িকী এবং অনুষ্ঠান ভিত্তিক ম্যাগাজিন প্রকাশে প্রকাশনা সম্পাদককে সহায়তা করা;
ii. সংশ্লিষ্ট কমিটির সাংগঠনিক প্রয়োজনে বিভিন্ন ডকুমেন্ট ইত্যাদি প্রকাশ এবং ডিজাইন তৈরিতে ব্যবস্থা গ্রহণ করায় প্রকাশনা সম্পাদককে সহায়তা করা এবং
iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

প. তথ্য ও গবেষণা সম্পাদক

i. বিতর্ক শিল্পের মান বৃদ্ধিতে করণীয় বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করা এবং
ii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ফ. সহকারী তথ্য ও গবেষণা সম্পাদক

DFH DEBATE FOR HUMANITY

i. বিতর্ক শিল্পের মান বৃদ্ধিতে করণীয় বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণে তথ্য ও গবেষণা সম্পাদককে সহায়তা করা;

ii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ব. আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক

i. আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনসমূহ (বিশেষ করে বিতর্ক সংগঠনসমূহ) এর কার্যক্রম সম্পর্কে অবগত হওয়া ও তা সংশ্লিষ্ট কমিটির সভায় উত্থাপন করা;

ii. আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনসমূহ (বিশেষ করে বিতর্ক সংগঠনসমূহ) এর সাথে সাংগঠনিক যোগাযোগ রাখা এবং

iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ভ. সহকারী আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক

i. আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনসমূহ (বিশেষ করে বিতর্ক সংগঠনসমূহ) এর কার্যক্রম সম্পর্কে তথ্য সংগ্রহে আন্তর্জাতিক বিষয়ক সম্পাদককে সহায়তা করা;

ii. আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনসমূহ (বিশেষ করে বিতর্ক সংগঠনসমূহ) এর সাথে সাংগঠনিক যোগাযোগ রাখায় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদককে সহায়তা করা এবং

iii. সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ম. কার্যকরী সদস্য

সংশ্লিষ্ট কমিটি সভায় সিদ্ধান্তক্রমে যেরূপ দায়িত্ব অর্পন করে সেরূপ দায়িত্ব পালন করা।

ধারা-১৯: নির্বাহী কমিটি ও কার্যকরী কমিটিতে অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় গুণাবলী

i. ডিএফএইচ এর প্রতি আন্তরিকতা;

ii. সততা ও কর্তব্যনিষ্ঠা;

iii. শৃঙ্খলা;

iv. নেতৃত্ব;

v. অভিযোজনশীলতা;

vi. সম্পাদিত কাজ,

vii. দায়িত্বশীলতা,

viii. সামাজিকতা,

ix. যোগাযোগ,

x. উদ্ভাবনশীলতা

xi. সংগঠনে/বিতর্ক শিল্পে/সমাজে অবদান

DFH
DEBATE FOR HUMANITY

ধারা-২০: উপদেষ্টা পদ হতে অব্যাহতি: নিম্নবর্ণিত কারনে কোন উপদেষ্টা তার পদ হতে অব্যাহতি পাবেন।

i. রাষ্ট্র বিরোধী কোন কাজ করলে;

ii. ডিএফএইচ এর স্বার্থ বিরোধী কোন কাজ করলে ও

iii. পদত্যাগ করলে।

পদত্যাগের ক্ষেত্রে যে তারিখে ডিএফএইচ কার্যালয় পদত্যাগপত্র প্রাপ্ত হবে সে তারিখ হতে অব্যাহতি কার্যকর হবে। অন্যান্য ক্ষেত্রে জাতীয় নির্বাহী কমিটির সভায় উপস্থিত সদস্যদের দুই তৃতীয়াংশের ভোটে এ অব্যাহতি কার্যকর হবে।

ধারা-২১: নির্বাহী কমিটি, কার্যকরী কমিটি ও শিক্ষা প্রতিষ্ঠান কমিটির সদস্যপদ হারানো: নিম্নবর্ণিত কারণে ডিএফএইচ-এর কোন নির্বাহী কমিটি, কার্যকরী কমিটি ও শিক্ষা প্রতিষ্ঠান কমিটির সদস্য উক্ত কমিটির সভায় উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশ সদস্যের সিদ্ধান্তক্রমে সদস্যপদ হারাবেন:

i. রাষ্ট্র বিরোধী কোন কাজ করলে;

ii. ডিএফএইচ এর স্বার্থ বিরোধী কোন কাজ করলে;

iii. পরপর ০৩টি সভায় কোন সন্তোষজনক কারণ ব্যাতিরেকে অনুপস্থিত থাকলে;

iv. গঠনতন্ত্র লঙ্ঘন করলে;

v. আচরণগত, দায়িত্বে অবহেলা বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট কমিটির অপর কোন সদস্য অনাস্থা প্রস্তাব উত্থাপন করলে;

vi. পদত্যাগ করলে এবং

xii. পর পর ০৩ মাস যুক্তিসংগত কারণ ব্যতিরেকে নির্ধারিত চাঁদা প্রদানে ব্যর্থ হলে।

ধারা-২২: এডহক কমিটি গঠন:

জাতীয় নির্বাহী কমিটি প্রয়োজন মনে করলে কোন এলাকায় পূর্নাঙ্গ নির্বাহী/কার্যকরী কমিটি গঠনের পূর্বে অথবা কোন এলাকায় যেকোন কারণে পূর্ণাঙ্গ কার্যকরী কমিটি না থাকলে সে এলাকায় ডিএফএইচ-এর কার্যক্রম পরিচালনার জন্য যেরূপ সংখ্যক প্রয়োজনীয় মনে করবে সেরূপ সংখ্যক সদস্যের সমন্বয়ে এডহক কমিটি গঠন করতে পারবে। এই এডহক কমিটি পূর্ণাঙ্গ কমিটি গঠিত হওয়ার সাথে সাথে বিলুপ্ত হবে। পূর্ণাঙ্গ কমিটির পদ-পদবীসমূহ এডহক কমিটিতে ব্যবহার করা যাবে। জাতীয় নির্বাহী কমিটি যেকোন সময় এডহক কমিটি ভেঙ্গে দিতে পারবে। এডহক কমিটির কার্যপরিধি ও জবাবদিহিতা নির্বাচিত কমিটির অনুরূপ; তবে, জাতীয় নির্বাহী কমিটি প্রয়োজনীয় মনে করলে যেকোন এডহক কমিটির জবাবদিহিতা জাতীয় নির্বাহী কমিটির নিকট স্থানান্তর করতে পারবে।

ধারা-২৩: গঠনতন্ত্রের ব্যাখ্যা

কোন কারণে গঠনতন্ত্রের ব্যাখ্যায় অস্পষ্টতা দেখা দিলে সে বিষয়ে জাতীয় নির্বাহী কমিটির ব্যাখ্যাই চূড়ান্ত হবে।

ধারা-২৪: নির্বাহী/কার্যকরী কমিটির সদস্যদের জবাবদিহিতা

ডিএফএইচ-এর কোন নির্বাহী/কার্যকরী কমিটির কোন সদস্য তার দায়িত্ব বা কাজের জন্য উক্ত নির্বাহী/কার্যকরী কমিটির নিকট জবাবদিহি করবে।

ধারা-২৫: নির্বাহী/কার্যকরী কমিটি ভেঙ্গে দেয়া ও স্থগিত করা

ক. যে সকল কারণে জাতীয় নির্বাহী কমিটি ব্যাতীত অন্যান্য নির্বাহী/কার্যকরী কমিটি ভেঙ্গে দেয়া যাবে:

i. জাতীয় কার্যকরী কমিটি সামগ্রিকভাবে রাষ্ট্র বিরোধী অথবা ডিএফএইচ এর লক্ষ্য ও উদ্দেশ্য পরিপন্থী কাজ করলে;

ii. উক্ত কমিটি কার্যক্রম পরিচালনায় ব্যর্থ হলে;

iii. কমিটি সামগ্রিকভাবে নির্বাচন কমিশনের কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে ব্যর্থ হলে এবং

iv. কমিটি সামগ্রিকভাবে সামাজিক গ্রহণযোগ্যতা হারালে।

খ. পদ্ধতি: ধারা-২৫(ক) তে উল্লেখিত কারণে

i. জাতীয় নির্বাহী কমিটি তার সভায় উপস্থিত দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে জাতীয় কার্যকরী কমিটি এবং জেলা/মহানগর নির্বাহী কমিটি ভেঙ্গে দিতে পারবে;

ii. জেলা/মহানগর নির্বাহী কমিটি তার সভায় উপস্থিত দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে জাতীয় নির্বাহী কমিটির সভায় উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশের ভোটে অনুমোদনক্রমে জেলা/মহানগর কার্যকরী কমিটি এবং উপজেলা/থানা নির্বাহী কমিটি ভেঙ্গে দিতে পারবে;

iii. উপজেলা/থানা নির্বাহী কমিটি তার সভায় উপস্থিত দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে জাতীয় নির্বাহী কমিটির সভায় উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশের ভোটে অনুমোদনক্রমে উপজেলা কার্যকরী কমিটি এবং ইউনিয়ন নির্বাহী কমিটি ভেঙ্গে দিতে পারবে এবং

iv. ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটি তার সভায় উপস্থিত দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে জাতীয় নির্বাহী কমিটির সভায় উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশের ভোটে অনুমোদনক্রমে ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটি ভেঙ্গে দিতে পারবে।

গ. স্থগিত করা: ধারা-২৫(ক) এ উল্লেখিত কারণ উপলব্ধি করলে জাতীয় নির্বাহী কমিটি যে কোন নির্বাহী/কার্যকরী কমিটিকে স্থগিত করতে পারবে। উক্ত স্থগিতকরণের পর জাতীয় নির্বাহী কমিটি স্থগিতকৃত কমিটির ঊর্ধ্বতন কোন নির্বাহী কমিটির সদস্যদের মধ্য হতে যেরূপ সংখ্যক প্রয়োজনীয় মনে করবে সেরূপ সংখ্যক সদস্য নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করবে। তদন্ত রিপোর্ট নিরীক্ষাপূর্বক জাতীয় নির্বাহী কমিটি তার সভায় উপস্থিত দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে স্থগিতকৃত কমিটি বিলুপ্ত করা বা রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

ধারা-২৬: ন্যায়পাল

সাংগঠনিক বিরোধ নিস্পত্তির জন্য ডিএফএইচ-এর নিম্নবর্ণিত ন্যায়পাল কমিটি থাকবে।

ক. ডিএফএইচ জাতীয় ন্যায়পাল কমিটি যা জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কমিটির সদস্যদের মধ্য হতে গঠিত হবে। ডিএফএইচ জাতীয় ন্যায়পাল কমিটির সদস্য সংখ্যা ০৫ (পাঁচ) জন। উক্ত কমিটিতে একজন সভাপতি থাকবে। কমিটির সদস্যদের সংখ্যাগরিষ্ঠের ভোটে ডিএফএইচ জাতীয় ন্যায়পাল কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।

খ. জেলা/মহানগর ন্যায়পাল কমিটি যা জেলা/মহানগর নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কমিটির সদস্যদের মধ্য হতে গঠিত হবে। জেলা/মহানগর ন্যায়পালের সদস্য সংখ্যা ০৩ (তিন) জন। উক্ত কমিটিতে একজন সভাপতি থাকবে। কমিটির সদস্যদের সংখ্যাগরিষ্ঠের ভোটে জেলা/মহানগর ন্যায়পাল কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।
গ. উপজেলা/থানা ন্যায়পাল কমিটি যা উপজেলা/থানা নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কমিটির সদস্যদের মধ্য হতে গঠিত হবে। উপজেলা/থানা ন্যায়পালের সদস্য সংখ্যা ০৩ (তিন) জন। উক্ত কমিটিতে একজন সভাপতি থাকবে। কমিটির সদস্যদের সংখ্যাগরিষ্ঠের ভোটে উপজেলা/থানা ন্যায়পাল কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।
ঘ. ইউনিয়ন/ওয়ার্ড ন্যায়পাল কমিটি যা ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কমিটির সদস্যদের মধ্য হতে গঠিত হবে। ইউনিয়ন/ওয়ার্ড ন্যায়পালের সদস্য সংখ্যা ০১ (এক) জন।

ধারা-২৭: কার্যকরী কমিটির মেয়াদ

ডিএফএইচ-এর সকল কার্যকরী কমিটির মেয়াদ ০১ (এক) বছর। মেয়াদ উত্তীর্ণের পর জাতীয় নির্বাহী কমিটি চাইলে পরবর্তী নির্বাচন না হওয়া পর্যন্ত উক্ত কমিটির মেয়াদ বৃদ্ধি করতে অর্থবা উক্ত কার্যকরী কমিটি বিলুপ্ত করে সংশ্লিষ্ট এলাকায় এডহক কমিটি গঠন করতে পারবে।

ধারা-২৮: নির্বাহী/কার্যকরী কমিটি সদস্যদের ঠিকানা

জেলা/মহানগর, উপজেলা/থানা এবং ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী/কার্যকরী কমিটির সদস্যপদ প্রাপ্তির ক্ষেত্রে কোন ব্যক্তিকে সংশ্লিষ্ট জেলা/মহানগর, উপজেলা/থানা এবং ইউনিয়ন/ওয়ার্ড এর অধিবাসী অথবা স্থায়ী ঠিকানাধারী হতে হবে।

ধারা-২৯: অন্যান্য সংগঠনের সাথে সহযোগিতা

ডিএফএইচ তার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নকল্পে অন্যান্য বিতর্ক সংগঠন বা সংগঠনের সাথে পারস্পরিক সহযোগিতা বিনিময় করতে পারবে।

ধারা-৩০: নির্বাচিত সদস্যদের বাধ্যবাধকতা

ডিএফএইচ এর কোন কার্যকরী কমিটির নির্বাচিত সদস্য জাতীয় নির্বাহী কমিটির অনুমোদন ব্যাতীত অন্য কোন সংগঠনের সদস্য হতে পারবেনা।

ধারা-৩১: তহবিল সংগ্রহ ও ব্যয়

ডিএফএইচ-এর তহবিল নিম্নবর্ণিত উপায়ে সংগ্রহ করা যাবে

ক. মাসিক চাঁদা: ডিএফএইচ-এর প্রত্যেক সাধারণ সদস্য ও নির্বাহী/কার্যকরী কমিটির সদস্যগণ সংগঠনের তহবিলে মাসিক চাঁদা প্রদান করবেন। জাতীয় পর্যায়ে জাতীয় নির্বাহী কমিটি, জেলা/মহানগর পর্যায়ে জেলা/মহানগর নির্বাহী কমিটি, উপজেলা/থানা পর্যায়ে উপজেলা/থানা নির্বাহী কমিটি এবং ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটি এই চাঁদার পরিমান নির্ধারণ করবে।
খ. দান/অনুদান সংগ্রহ: নির্বাহী/কার্যকরী কমিটি তার কার্যক্রম বাস্তবায়নে দান/অনুদান সংগ্রহ করতে পারবে।
গ. স্পন্সরশিপ সংগ্রহ: নির্বাহী/কার্যকরী কমিটি স্পন্সরশিপ সংগ্রহের মাধ্যমে তার কার্যক্রম বাস্তবায়ন করতে পারবে।
ঘ. তহবিল সংগ্রহ ও ব্যয়ে যথাযথ স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকবে। আয় ও ব্যয়ের ক্ষেত্রে কোন নির্বাহী/কার্যকরী কমিটি তার কার্যক্রমের জন্য যে কমিটির কাছে জবাবদিহি সে কমিটির অনুমোদন প্রয়োজন হবে। এ লক্ষ্যে জাতীয় নির্বাহী কমিটি পৃথক অর্থ নীতিমালা প্রণয়ন করতে পারে।

ধারা-৩২: বিরোধ নিস্পত্তি

ক. ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটি বা সাধারণ সদস্যদের মধ্যে কোন সাংগঠনিক বিরোধ দেখা দিলে ইউনিয়ন/ওয়ার্ড ন্যায়পাল কমিটি তা নিস্পত্তি করবে। উক্ত কমিটি ব্যর্থ হলে উপজেলা/থানা ন্যায়পাল কমিটি বিরোধ নিস্পত্তি করবে। উপজেলা/থানা ন্যায়পাল কমিটি ব্যর্থ হলে সে ক্ষেত্রে জেলা/মহানগর ন্যায়পাল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হবে।
খ. ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটি বা উপজেলা/থানা কার্যকরী কমিটির সদস্যদের মধ্যে কোন সাংগঠনিক বিরোধ দেখা দিলে উপজেলা/থানা ন্যায়পাল কমিটি তা নিস্পত্তি করবে। উক্ত কমিটি ব্যর্থ হলে জেলা/মহানগর ন্যায়পাল কমিটি বিরোধ নিস্পত্তি করবে। জেলা/মহানগর ন্যায়পাল কমিটি ব্যর্থ হলে সে ক্ষেত্রে ডিএফএইচ জাতীয় ন্যায়পাল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হবে।
গ. উপজেলা/থানা নির্বাহী কমিটি বা জেলা/মহানগর কার্যকরী কমিটির সদস্যদের মধ্যে কোন সাংগঠনিক বিরোধ দেখা দিলে জেলা/মহানগর ন্যায়পাল কমিটি তা নিস্পত্তি করবে। উক্ত কমিটি ব্যর্থ হলে সে ক্ষেত্রে জাতীয় ন্যায়পাল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

ঘ. জেলা/মহানগর নির্বাহী কমিটি বা জাতীয় কার্যকরী কমিটির সদস্যদের মধ্যে কোন সাংগঠনিক বিরোধ দেখা দিলে সে ক্ষেত্রে জাতীয় ন্যায়পাল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

ঙ. জাতীয় নির্বাহী কমিটির সদস্যদের মধ্যে কোন সাংগঠনিক বিরোধ দেখা দিলে সে ক্ষেত্রে ডিএফএইচ জাতীয় ন্যায়পাল কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত নিবে।

চ. জেলা/মহানগর নির্বাহী কমিটির অধস্তন কোন নির্বাহী/কার্যকরী সদস্যদের সাথে অন্য কোন নির্বাহী/কার্যকরী সদস্যদের বিরোধ দেখা দিলে জেলা/মহানগর ন্যায়পাল কমিটি উক্ত বিরোধ নিষ্পত্তি করবে। জেলা/মহানগর ন্যায়পাল কমিটি উক্ত বিরোধ নিষ্পত্তিতে ব্যর্থ হলে জাতীয় ন্যায়পাল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

ছ. জেলা/মহানগর নির্বাহী কমিটির কোন সদস্যের সাথে জাতীয় নির্বাহী কমিটি বা অন্য কোন নির্বাহী/কার্যকরী কমিটির সদস্যের সাথে বিরোধের ক্ষেত্রে জাতীয় ন্যায়পাল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

ধারা-৩৩: নির্বাচন কমিশন:

ক. গঠন: জেলা/মহানগর, উপজেলা/থানা এবং ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে ডিএফএইচ-এর কার্যকরী কমিটি গঠনের নিমিত্ত নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় নির্বাহী কমিটি প্রত্যেক নির্বাচনের জন্য যেরূপ সংখ্যক সদস্য প্রয়োজন মনে করবে সেরূপ সংখ্যক সদস্য নিয়ে একটি নির্বাচন কমিশন গঠন করবে। প্রত্যেক নির্বাচন কমিশনে একজন প্রধান নির্বাচন কমিশনার থাকবেন।

i. জাতীয় কার্যকরী কমিটি নির্বাচনের জন্য জাতীয় নির্বাহী কমিটির সদস্যদের মধ্য হতে নির্বাচন কমিশন গঠন করা হবে।
ii. জেলা/মহানগর কার্যকরী কমিটি এবং বিশ্ববিদ্যালয় কমিটি নির্বাচনের জন্য জেলা/মহানগর নির্বাহী কমিটির সদস্যদের মধ্য হতে নির্বাচন কমিশন গঠন করা হবে।
iii. উপজেলা/থানা কার্যকরী কমিটি এবং বিশ্ববিদ্যালয় কলেজ কমিটি নির্বাচনের জন্য উপজেলা/থানা নির্বাহী কমিটির সদস্যদের মধ্য হতে নির্বাচন কমিশন গঠন করা হবে।
iv. ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটি এবং কলেজ/স্কুল কমিটি নির্বাচনের জন্য ইউনিয়ন/ওয়ার্ড নির্বাহী কমিটির সদস্যদের মধ্য হতে নির্বাচন কমিশন গঠন করা হবে।

খ. সিদ্ধান্ত গ্রহণ: সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে কমিশন সিদ্ধান্ত গ্রহন করবে।

গ. কার্যপরিধি: ভোটার তালিকা প্রণয়ন, তফসিল ঘোষণা, প্রার্থিতা যাচাই, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান এবং ফলাফল প্রকাশসহ নির্বাচন সংক্রান্ত যাবতীয় দায়িত্ব/কাজ নির্বাচন কমিশন সম্পাদন করবে।

ঘ. মেয়াদ: গঠনের পর হতে নির্বাচনের ফলাফল ঘোষণা পর্যন্ত। নির্বাচনের ফলাফল ঘোষণার পর নির্বাচন কমিশন বিলুপ্ত হয়ে যাবে।

ঙ. পৃথক নীতিমালা প্রণয়ন: জাতীয় নির্বাহী কমিটি সকল নির্বাচনের জন্য অথবা নির্দিষ্ট একটি নির্বাচনের জন্য পৃথক নীতিমালা নীতিমালা প্রণয়ন করতে পারবে।

চ. কার্যকরী কমিটির সাথে সম্পর্ক: তফসিল ঘোষণার পর হতে যে এলাকায় নির্বাচন সে এলাকার কার্যকরী কমিটি নির্বাচন কমিশনের অধিনস্ত হয়ে যাবে এবং নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনের নির্দেশনা মেনে চলবে।

ধারা-৩৪: ভোটার

যে কার্যকরী কমিটিতে নির্বাচন হবে সে কমিটির

ক. বিদ্যমান সদস্যগণ (নিয়মিত/এডহক)

খ. অব্যবহিত অধস্তন কার্যকরী কমিটির নিম্নবর্ণিত পদবীধারী (ইউনিয়ন/ওয়ার্ড কার্যকরী কমিটি নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য নয়)-

সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, দপ্তর সম্পাদক, অর্থ সম্পাদক, অনুষ্ঠান সম্পাদক, কর্মশালা সম্পাদক, বিতর্ক সম্পাদক, প্রচার সম্পাদক, প্রকাশনা সম্পাদক এবং তথ্য ও গবেষণা সম্পাদক

ধারা-৩৫: প্রার্থীতা

ক. সকল কার্যকরী কমিটির শুধুমাত্র সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচন হবে।

খ. কোন ব্যক্তি যে কার্যকরী কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক পদে প্রার্থি হবেন সে কমিটিতে তার ন্যূনতম ০১ বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

গ. বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে।

ঘ. কোন ব্যক্তি একই সাথে দুটি পদে নির্বাচন করতে পারবে না।

ঙ. কোন কার্যকরী কমিটির নির্বাচিত সভাপতি বা সাধারণ সম্পাদক একই কমিটির পরবর্তী কোন নির্বাচনে অংশ নিতে পারবেন না।

DFH DEBATE FOR HUMANITY

ধারা-৩৬: বার্ষিক সম্মেলন আয়োজন

ডিএফএইচ-এর জাতীয় ও জেলা/মহানগর কার্যকরী কমিটি বছরে একবার বার্ষিক সম্মেলনের আয়োজন করবে। উক্ত সম্মেলনে নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে:

ক. বার্ষিক সাংগঠনিক প্রতিবেদন প্রকাশ;

খ. বার্ষিক আয় ও ব্যয়ের হিসাবসহ আর্থিক প্রতিবেদন প্রকাশ এবং

গ. সংশ্লিষ্ট কমিটির নির্বাচন আয়োজন।

এ সম্মেলনের তারিখ জেলা/মহানগর কমিটির সাথে আলোচনাক্রমে জাতীয় নির্বাহী কমিটি নির্ধারণ করবে।

ধারা-৩৭: নির্বাহী কমিটির সভাপতি নির্ধারণ

জাতীয় নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল প্রকার নির্বাহী কমিটির সভাপতি নির্ধারিত হবে।

ধারা-৩৮: গঠনতন্ত্র সংশোধন

জাতীয় নির্বাহী কমিটির সভায় উপস্থিত সদস্যদের দুই-তৃতীয়াংশ ভোটের মাধ্যমে এই গঠনতন্ত্র সংশোধন করা যাবে।

DFH
DEBATE FOR HUMANITY